



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

এবং

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৭-৩০ জুন ২০১৮

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র

উপক্রমগিকা

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

 

মেরিন ফিশারিজ একাডেমির কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Marine Fisheries Academy)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

মেরিন ফিশারিজ একাডেমি থেকে সমুদ্রগামী মৎস্য শিকারী জাহাজ, নৌ বাণিজ্যিক জাহাজ চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং মৎস্য সম্পদ সংরক্ষণ এবং মাননিয়ন্ত্রণ সেক্টরে বিগত ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ এই ৩ বছরে ২৪৫ জন ক্যাডেট প্রশিক্ষণ সম্পন্ন করে পাসড আউট হয়েছে। একাডেমি প্রশিক্ষিত ক্যাডেটগণ সামুদ্রিক মৎস্য আহরণ সেক্টরে কর্ম সম্পাদন পূর্বক সামুদ্রিক মৎস্য আহরণের মাধ্যম দেশের আপামর জনসাধারণের প্রাণিজ আমিষের চাহিদা মিটানোর পাশাপাশি হিমায়িত মৎস্য এবং মৎস্যজাত পণ্য রপ্তানি বাণিজ্যে সহায়তা করে প্রচুর বৈদেশিক মুদ্রা আহরণে অবদান রেখেছে। আবার উক্ত প্রশিক্ষিত ক্যাডেট এর কিছু অংশ দেশে-বিদেশে নৌ বাণিজ্য সেক্টরে কর্ম সম্পাদন পূর্বক প্রচুর বৈদেশিক মুদ্রা রেমিটেন্স আকারে প্রেরণ করে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করেছে।

- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

একাডেমির অপ্রতুল জনবল কাঠামো একাডেমির দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদান অন্তরায়। এছাড়াও অপ্রতুল বেতন কাঠামো এবং পদোন্নতির সুযোগ না থাকার কারণে একাডেমিতে নিয়মিত প্রশিক্ষক নিয়োগে সমস্যা হচ্ছে।

- ভবিষ্যৎ পরিকল্পনাঃ

একাডেমিকে একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান 'সেন্টার অব এক্সিলেন্স ইন মেরিন ফিশারিজ' রূপে প্রতিষ্ঠার লক্ষ্যে একাডেমিতে 'বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও জোরদারকরণ' প্রকল্প এর আওতায় বিভিন্ন অবকাঠামো ও প্রশিক্ষণ সুবিধা সৃষ্টি করা হয়েছে। এই প্রকল্পের আওতায় একাডেমির জন্য ভৌত অবকাঠামোগত সুযোগ সৃষ্টি করা হয়েছে এবং আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন করা হয়েছে। প্রকল্প সমাপ্তিতে অত্র একাডেমিতে একটি পূর্ণাঙ্গ জনবল কাঠামো অনুমোদন করতঃ ৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) এবং ১ ও ২ বছর মেয়াদী মাস্টার্স কোর্স (সকল বিষয়) পরিচালনা পরিকল্পনা রয়েছে। এছাড়াও ভবিষ্যতে একাডেমিতে বিদেশি ক্যাডেট প্রশিক্ষণের মাধ্যমে এটিকে একটি আন্তর্জাতিক মানের মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠান রূপে আত্মপ্রকাশের প্রত্যয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও অত্র একাডেমি নিরলস কাজ করে যাচ্ছে।

২০১৭-১৮ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- তিনটি প্রশিক্ষণ বিভাগে তিন ব্যাচে মোট ২৭০ জন ক্যাডেটের প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা এবং ৯০ জন ক্যাডেটের গ্রাজুয়েশন সমাপ্তকরণ।
- বিদেশি ক্যাডেট ভর্তির জন্য মনোনয়ন চূড়ান্তকরণ।
- ১০ জন প্রশিক্ষককে দেশে-বিদেশে আধুনিক প্রযুক্তি ভিত্তিক পেশাগত প্রশিক্ষণ প্রদান।
- বাজেটের যথাযথ ও সময়ানুগ বাস্তবায়ন।
- একাডেমির জনবল কাঠামো সম্প্রসারণ।

